

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)  
বাংলাদেশ সি-ইন-এড বোর্ড  
ময়মনসিংহ।

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০৫৮.২০১০-১৯৮০

তারিখ: ২৪ আগস্ট, ১৪২৬ বঙ্গাব্দ  
০৯ অক্টোবর, ২০১৯ খ্রি:

বিষয়: জানুয়ারি ২০২০ - জুন ২০২১ (২০২০-২০২১) শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে ভর্তি প্রসঙ্গে।

বাংলাদেশ সি-ইন-এড বোর্ডের ২৩/১০/২০০৬ খ্রি: তারিখের সি-ইন-এড বোর্ড/পরী(৪)/০৬/ভর্তি-১০/৪৯৯২(১১৯) নং স্মারকে জারীকৃত ভর্তি নীতিমালা, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ১৫/০৬/২০০৬ তারিখে স্বাক্ষরিত ভর্তি/ডেপুটেশন নীতিমালা এবং সি-ইন-এড পরীক্ষা পরিচালনা উপরিবিধি (দ্বিতীয় সংস্করণ) অনুসরণপূর্বক জানুয়ারি, ২০২০- জুন, ২০২১ শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে ভর্তি সম্পন্ন করার নিমিত্তে ৩১ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডেপুটেশন প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

২। যে সকল পিটিআই এর ক্যাচমেন্ট এরিয়া একাধিক জেলায় অবস্থিত সে সকল পিটিআই এর ডিপিএড কোর্সে শিক্ষক ডেপুটেশনের জন্য বিভাগীয় উপ-পরিচালকগণ সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণের সাথে আলোচনা করে ১৫ অক্টোবর ২০১৯ খ্রি: তারিখের মধ্যে জেলাভিত্তিক কোটা নির্ধারণ করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ২৪ অক্টোবর ২০১৯ খ্রি: তারিখের মধ্যে তার জেলার উপজেলাভিত্তিক কোটা নির্ধারণ করে পত্র মারফত সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারগণকে অবহিত করবেন। উপজেলা শিক্ষা অফিসারগণ ৩১ অক্টোবর, ২০১৯ খ্রি: তারিখের মধ্যে নীতিমালা অনুসরণপূর্বক ডিপিএড কোর্সে ভর্তির জন্য প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণবিহীন শিক্ষকগণকে ১ম এবং ২য় শিফ্ট (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করে ডেপুটেশন আদেশ প্রদান করে উক্ত আদেশের অনুলিপি মহাপরিচালক, নেপ, পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা, সংশ্লিষ্ট বিভাগ এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণকে অবহিত করবেন। কোন উপজেলায় কোটা পূরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পাওয়া না গেলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার তৎক্ষণিকভাবে বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করবেন এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তার জেলায়ীন অন্য উপজেলা থেকে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ডেপুটেশনের জন্য কোটা পুনঃনির্ধারণ করবেন।

৩। ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষকগণকে ০১-২০ নভেম্বর ২০১৯ খ্রি: তারিখের মধ্যে অনলাইনে ফরম পূরণ করে ভর্তি হতে হবে। নেপ ওয়েবসাইটের হোম পেজ 'মেনুবারে অনলাইন সার্ভিসেস সিস্টেম' নামক মেনুতে ক্লিক করলে ভর্তি ফরম দৃশ্যমান হবে। উল্লেখ্য ০১-২০ নভেম্বর, ২০১৯ খ্রি: তারিখের পূর্বে বা পরে ভর্তি ফরম দৃশ্যমান হবে না।

৪. দশের ৬৭ টি পিটিআই-এ ডিপিএড কার্যক্রমের জন্য প্রশিক্ষণার্থী ভর্তির নির্ধারিত আসন সংখ্যা এতদসংযুক্ত তালিকায় উল্লেখ করা হলো।

৫. অনলাইনে ভর্তির সময় শিফ্ট (1<sup>st</sup> Shift/ 2<sup>nd</sup> Shift) উল্লেখ করতে ভুল না করেন সে ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হবে।
৬. ডিপিএড কোর্সে ভর্তির জন্য মনোনয়নপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা: মুনতম এইচ.এস.সি পাশ।
৭. ডেপুটেশনপ্রাপ্ত প্রত্যেক শিক্ষক ভর্তির জন্য ১৯০০/- (এক হাজার নয়শত) টাকা (রেজিস্ট্রেশন ও অনলাইন ফিসহ) রূপালী ব্যাংক শিওর ক্যাশের মাধ্যমে সংশ্লিষ্ট পিটিআই-এ জমা দিবেন। এক্ষেত্রে শিওরক্যাশ এজেন্ট চুক্তি মোতাবেক ১% অর্থাৎ ১৯/- (উনিশ) টাকা চার্জ নিবেন।
৮. ডিপিএড কোর্সে ভর্তির জন্য মনোনয়নপ্রাপ্ত প্রত্যেক শিক্ষক নিজ নিজ নির্ধারিত ক্যাচমেন্ট এরিয়ার (তালিকা সংযুক্ত) পিটিআই-এ নেপ এর ওয়েবসাইট [www.nape.gov.bd](http://www.nape.gov.bd) এর মাধ্যমে অনলাইনে ভর্তি হবেন।
৯. নেপ এর ওয়েবসাইট [www.nape.gov.bd](http://www.nape.gov.bd) এর ব্রাউজ করার পর অনলাইন ডিপিএড এডমিশন সিস্টেম নামক মেনুতে ক্লিক করলে আবেদন ফরমটি (Admission Application Form) ওপেন হবে।
১০. অনলাইন আবেদন ফরমের প্রথম অংশটি উপজেলা শিক্ষা অফিসার প্রদত্ত ডেপুটেশন আদেশের তথ্য দিয়ে অর্থাৎ ডেপুটেশন আদেশের স্মারক নং, তারিখ, আদেশে উল্লেখিত আবেদনকারীর ক্রমিক নং, যে পিটিআই এবং শিফটের জন্য ডেপুটেশন প্রদান করা হয়েছে সেই পিটিআই এর নাম এবং শিফট, জেলা, উপজেলা, পদবী ইত্যাদি তথ্য দিয়ে যথাযথভাবে পূরণ করতে হবে।
১১. ফরমের ২য় অংশটি আবেদনকারীর ব্যক্তিগত তথ্য (নির্ভুল তথ্য) দিয়ে যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনকারীর একটি পাসপোর্ট সাইজের ছবি ফরমের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ফরমের সাথে একটি ব্যবহার বিধি (User Guide) যুক্ত থাকবে। নামের বানানের ক্ষেত্রে এস.এস.সি পাশের সনদ অনুসরণ করতে হবে।
১২. এক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে জনাব দিলীপ কুমার সরকার, প্রোফেসর, ময়মনসিংহ (মোবাইল নম্বর: ০১৭১৮ ২৯ ৭১ ২১) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
১৩. প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য নিয়োগকৃত সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতার ভিত্তিতে ডিপিএড কোর্সে ডেপুটেশনপূর্বক ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।



১৪. শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণ বিহীন শিক্ষকদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে ডিপিএড কোর্সে ভর্তির জন্য ডেপুটেশন প্রদান করা যাবে।
১৫. চা-বাগান, শ্রমিক শিক্ষা ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত প্রশিক্ষণ বিহীন ন্যূনতম এইচ.এস.সি পাশ শিক্ষকগণ মৌলভীবাজার পিটিআই-এ সংরক্ষিত ১০টি আসনের বিপরীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে ভর্তি হতে পারবেন।
১৬. কোন পিটিআইতে কোটা পূরণ না হলে পিটিআই সুপারিনটেনডেন্ট বিভাগীয় উপপরিচালককে অবহিত করে তাঁর নির্দেশনা অনুযায়ী পার্শ্ববর্তী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে যোগাযোগপূর্বক শূন্য আসন পূরণের ব্যবস্থা নিবেন।
১৭. ভর্তিকৃত শিক্ষার্থীদের সংখ্যা ২২ নভেম্বর, ২০১৯ খ্রি: তারিখের মধ্যে পিটিআই সুপারিনটেনডেন্টগণ টেলিফোন/ই-মেইল মারফত বাংলাদেশ সি-ইন-এড বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট অবশ্যই প্রেরণ করবেন।
১৮. বাংলাদেশ সি-ইন-এড বোর্ড, মেপ, ময়মনসিংহ ২৪-৩০ নভেম্বর ২০১৯ খ্রি: তারিখের মধ্যে ডিজিটাল পদ্ধতি অনুসরণ করে আন্ত:পিটিআই বদলী পৃথক আবেদন করার প্রয়োজন নেই। আন্ত:পিটিআই বদলী প্রহণে ইচ্ছুক প্রশিক্ষণার্থীবৃন্দ অনলাইন ভর্তি ফরমে পিটিআই বদলীর অপশন দিতে পারবেন। উল্লেখ্য যে, আন্ত:পিটিআই বদলী প্রহণে ইচ্ছুক না হলে প্রশিক্ষণার্থীবৃন্দ অনলাইন ভর্তি ফরমে পিটিআই বদলীর অপশন এড়িয়ে যাবেন।
১৯. আন্ত:পিটিআই বদলীর ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের বদলীকৃত পিটিআই-এ ভর্তির সময় কোন ভর্তি ফি পরিশোধ করতে হবে না। এক্ষেত্রে পূর্ববর্তী পিটিআই এর সুপারিনটেনডেন্ট তাঁর পিটিআইতে পরিশোধকৃত ভর্তি ফি সংশ্লিষ্ট বদলীকৃত পিটিআই-এ স্থানান্তর করবেন।
২০. ০১ জানুয়ারি ২০২০ খ্রি: তারিখ হতে ডিপিএড প্রশিক্ষণের ক্লাশ শুরু হবে।
২১. ভর্তিকৃত শিক্ষকগণ ক্লাস শুরু না হওয়া পর্যন্ত স্ব বিদ্যালয়ে কর্মরত থাকবেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

.....জেলা।

সুপারিনটেনডেন্ট (সকল)

.....পিটিআই।

*শাহ আলম, যুগ্মসচিব*  
(মোঃ শাহ আলম, যুগ্মসচিব)

চেয়ারম্যান

ও

মহাপরিচালক

ফোন: ০৯১-৬৬৩০৫

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০৫৮.২০১০- ০১৪০

তারিখ: ২/২/২০২০ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (ভর্তির কোটা পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৫. পরিচালক, আই.ই.আর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপপরিচালক (প্রশিক্ষণ/পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯. উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ ময়মনসিংহ বিভাগ (আসন সংখ্যা অনুযায়ী পিটিআই সমূহে ভর্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১০. সহকারী পরিচালক (পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
১১. উপজেলা/থানা শিক্ষা অফিসার, ..... উপজেলা/থানা..... জেলা।
১২. সংরক্ষণ নথি।

*শাহ আলম, যুগ্মসচিব*  
(মোঃ শাহ আলম, যুগ্মসচিব)

চেয়ারম্যান

ও

মহাপরিচালক

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী  
বাংলাদেশ সি ইন এড বোর্ড  
ময়মনসিংহ

স্মারক নং- ০৮.৪১৮.০০.০০.১১৮.২০১০- ২১৮১

তারিখ: ২৪ আগস্ট, ১৪২৬ বঙ্গাব্দ  
০৯ অক্টোবর, ২০১৯ খ্রি:

বিষয় : ডিপিএড পিটিআইসমুহের ক্যাচমেন্ট এরিয়া নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রশিক্ষণ, ভর্তি ও প্রশাসনিক কাজের সুবিধার্থে দেশের ৬৭টি ডিপিএড পিটিআই এর “ক্যাচমেন্ট এরিয়া” নিম্নবর্ণিত তালিকা মোতাবেক নির্ধারণপূর্বক এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ক্রমিক	পি.টি.আই	ক্যাচমেন্ট এরিয়া
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম জেলার হাটহাজারী, সন্দীপ, সীতাকুন্ড, রাঙ্গুনিয়া, ফটিকছড়ি, রাউজান, কোতোয়ালী, বন্দর, ডবলমুরিং, পাহাড়তলী, পাঁচলাইশ, চানগাঁও উপজেলা
২.	কক্সবাজার	কক্সবাজার জেলার সকল উপজেলা
৩.	পটিয়া, চট্টগ্রাম	চট্টগ্রাম জেলার পটিয়া, আনোয়ারা, লোহাগড়া, সাতকানিয়া, বাঁশখালী, চন্দনাইশ ও বোয়ালখালী উপজেলা
৪.	রাঙ্গামাটি	রাঙ্গামাটি জেলার সকল উপজেলা
৫.	খাগড়াছড়ি	খাগড়াছড়ি জেলার সকল উপজেলা
৬.	বান্দরবান	বান্দরবান জেলার সকল উপজেলা
৭.	কুমিল্লা	কুমিল্লা জেলার সকল উপজেলা
৮.	আলীগঞ্জ, চাঁদপুর	চাঁদপুর জেলার সকল উপজেলা
৯.	ব্রাক্ষণবাড়িয়া	ব্রাক্ষণবাড়িয়া জেলার সকল উপজেলা
১০.	মাইজনী, নোয়াখালী	নোয়াখালী জেলার সকল উপজেলা
১১.	লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর জেলার সকল উপজেলা
১২.	ফেনী	ফেনী জেলার সকল উপজেলা এবং চট্টগ্রাম জেলার মীরশ্বরাই উপজেলা
১৩.	সিলেট	সিলেট জেলার সকল উপজেলা
১৪.	হবিগঞ্জ	হবিগঞ্জ জেলার সকল উপজেলা
১৫.	মোলভীবাজার	মোলভীবাজার জেলার সকল উপজেলা
১৬.	সুনামগঞ্জ	সুনামগঞ্জ জেলার সকল উপজেলা
১৭.	রাজশাহী	রাজশাহী জেলার বাঘমারা, মোহনপুর, পৰা, পুর্ণিয়া, বাঘা, চারঘাট, দুর্গাপুর, বোয়ালিয়া উপজেলা
১৮.	লালমনিরহাট	লালমনিরহাট জেলার সকল উপজেলা
১৯.	নওগাঁ	নওগাঁ জেলার আত্রাই, বাদলগাছি, মান্দা, মহাদেবপুর, সদর, পত্নীতলা, রানীনগর, সাপাহার উপজেলা
২০.	নাটোর	নাটোর জেলার সকল উপজেলা
২১.	রংপুর	রংপুর জেলার সকল উপজেলা
২২.	কুড়িগ্রাম	রৌমারী ও রাজীবপুর উপজেলা ব্যতীত কুড়িগ্রাম জেলার অন্যান্য উপজেলা
২৩.	গাইবান্ধা	গাইবান্ধা জেলার সাধাটা উপজেলা ব্যতীত সকল উপজেলা
২৪.	নীলফামারী	নীলফামারী জেলার সকল উপজেলা
২৫.	দিনাজপুর	দিনাজপুর জেলার বিরল, বিরামপুর, বীরগঞ্জ, বোচাগঞ্জ, চিরিরবন্দর, সদর, কাহারুল, খানসামা, নওয়াবগঞ্জ, পার্বতীপুর, ফুলবাড়ী উপজেলা
২৬.	বগুড়া	বগুড়া জেলার সদর, শাজাহানপুর, আদমদিঘী, ধুন্টি, নদীগ্রাম, ধুপচাটিয়া, কাহালু ও শেরপুর উপজেলা
২৭.	পাবনা	পাবনা জেলার সকল উপজেলা
২৮.	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও জেলার সকল উপজেলা
২৯.	পঞ্চগড়	পঞ্চগড় জেলার সকল উপজেলা
৩০.	সোনাতলা, বগুড়া	বগুড়া জেলার- সোনাতলা, গাবতলী, সারিয়াকান্দি, শিবগঞ্জ ও গাইবান্ধা জেলার সাধাটা উপজেলা
৩১.	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ জেলার সকল উপজেলা
৩২.	নবাবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর, নাচোল, গোমস্তাপুর এবং রাজশাহী জেলার তানোর ও গোদাগাড়ী উপজেলা
৩৩.	দাদমচক ফজলুল হক, চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ, ভোলাহাট উপজেলা এবং নওগাঁ জেলার পোরশা ও নিয়ামতপুর উপজেলা
৩৪.	জয়পুরহাট	জয়পুরহাট জেলার সকল উপজেলা এবং নওগাঁ জেলার ধামুইরহাট এবং দিনাজপুর জেলার হাকিমপুর ও ঘোড়াঘাট উপজেলা
৩৫.	খুলনা	খুলনা জেলার সকল উপজেলা
৩৬.	সাতক্ষীরা	সাতক্ষীরা জেলার সকল উপজেলা
৩৭.	বাগেরহাট	বাগেরহাট জেলার সকল উপজেলা
৩৮.	যশোর	যশোর জেলার সকল উপজেলা
৩৯.	বিনাইদহ	বিনাইদহ জেলার সকল উপজেলা
৪০.	মাঞ্চুরা	মাঞ্চুরা জেলার সকল উপজেলা
৪১.	নড়াইল	নড়াইল জেলার সকল উপজেলা

ক্রমিক	পি.টি.আই	ক্যাচমেন্ট এরিয়া
৪২.	কমলাপুর, চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা জেলার সকল উপজেলা
৪৩.	মেহেরপুর	মেহেরপুর জেলার সকল উপজেলা
৪৪.	কুষ্টিয়া	কুষ্টিয়া জেলার সকল উপজেলা
৪৫.	সাগরদী	বরিশাল জেলার সকল উপজেলা
৪৬.	বালকাঠি	বালকাঠি জেলার সকল উপজেলা
৪৭.	পিরোজপুর	পিরোজপুর জেলার সকল উপজেলা
৪৮.	পটুয়াখালী	পটুয়াখালী জেলার সকল উপজেলা
৪৯.	ভোলা	ভোলা জেলার সকল উপজেলা
৫০.	বরগুনা	বরগুনা জেলার সকল উপজেলা
৫১.	মুস্তিগঞ্জ	মুস্তিগঞ্জ জেলার সকল উপজেলা
৫২.	মানিকগঞ্জ	মানিকগঞ্জ জেলার সকল উপজেলা
৫৩.	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ জেলার সকল উপজেলা এবং ঢাকা মহানগরীর ডেমরা, মতিখিল ও সুআপুর থানা এবং ঢাকা জেলার দোহার, নবাবগঞ্জ ও কেরানীগঞ্জ উপজেলা
৫৪.	শরীয়তপুর	শরীয়তপুর জেলার সকল উপজেলা
৫৫.	গোপালগঞ্জ	গোপালগঞ্জ জেলার সকল উপজেলা
৫৬.	টাঙ্গাইল	টাঙ্গাইল জেলার সকল উপজেলা
৫৭.	রায়পুরা, নরসিংহদী	নরসিংহদী জেলার সকল উপজেলা
৫৮.	জামালপুর	জামালপুর জেলার সকল উপজেলা এবং কুড়িগ্রাম জেলার রৌমারী ও রাজীবপুর উপজেলা
৫৯.	শেরপুর	শেরপুর জেলার সকল উপজেলা
৬০.	ময়মনসিংহ	ময়মনসিংহ জেলার সকল উপজেলা
৬১.	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ জেলার সকল উপজেলা
৬২.	নেত্রকোণা	নেত্রকোণা জেলার সকল উপজেলা
৬৩.	ফরিদপুর	ফরিদপুর জেলার সকল উপজেলা
৬৪.	রাজবাড়ী	রাজবাড়ী জেলার সকল উপজেলা
৬৫.	মাদারীপুর	মাদারীপুর জেলার সকল উপজেলা
৬৬.	জয়দেবপুর	গাজীপুর জেলার সকল উপজেলা এবং ঢাকা মহানগরীর তেজগাঁও, ক্যান্টনমেন্ট, গুলশান থানা
৬৭.	ঢাকা	দোহার, নবাবগঞ্জ ও কেরানীগঞ্জ উপজেলা ব্যতীত ঢাকা জেলার অন্যান্য উপজেলা এবং ঢাকা মহানগরীর ধানমন্ডি, কোত্তালী, মিরপুর, মোহম্মদপুর, রমনা ও লালবাগ থানা

*.....নং ১০/১০/২০১৯*

(মোঃশাহ আলম, যুগ্মসচিব)

চেয়ারম্যান

ও

মহাপরিচালক

ফোন: ০৯১-৬৬৩০৫

সুপারিনেটেন্ডেন্ট (সকল)

.....পিটিআই।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

.....জেলা।

তারিখ : ০৯/১০/২০১৯ খ্রি।

সদয় অবগতি ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (ভর্তির কোটা পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা গেল)।
৩. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. উপপরিচালক (প্রশিক্ষণ/পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৭. উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৮. সহকারী পরিচালক (পাঠ্যঃ ও গবেঃ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯. উপজেলা/থানা শিক্ষা অফিসার, .....উপজেলা/থানা.....জেলা।
১০. সংরক্ষণ নথি।

*.....নং ১০/১০/২০১৯*

(মোঃশাহ আলম, যুগ্মসচিব)

চেয়ারম্যান

ও

মহাপরিচালক